রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, অক্টোবর ২৩, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**বিধি অনুবিভাগ**
**বিধি-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৫ কার্তিক ১৪৩১/২১ অক্টোবর ২০২৪

**নং ০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৩.২৩-১৬৬**—সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, ২০২৫ খ্রিষ্টাব্দে বাংলাদেশের সকল সরকারি ও আধা-সরকারি অফিস এবং সংবিধিবদ্ধ, স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত সংস্থাসমূহে নিম্নবর্ণিত ছুটি পালন করা হবে :

| (ক) সাধারণ ছুটি | | | | |
|---|---|---|---|---|
| **ক্রমিক নং** | **পর্বের নাম** | **সপ্তাহের দিনের নাম ও তারিখ** | **বঙ্গাব্দের তারিখ** | **ছুটির পরিমাণ** |
| ১. | শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস | শুক্রবার, ২১ ফেব্রুয়ারি ২০২৫ | ০৮ ফাল্গুন ১৪৩১ | ১ দিন |
| ২. | স্বাধীনতা ও জাতীয় দিবস | বুধবার, ২৬ মার্চ ২০২৫ | ১২ চৈত্র ১৪৩১ | ১ দিন |
| ৩. | জুমাতুল বিদা | শুক্রবার, ২৮ মার্চ ২০২৫ | ১৪ চৈত্র ১৪৩১ | ১ দিন |
| ৪. | *ঈদ-উল-ফিতর | সোমবার, ৩১ মার্চ ২০২৫ | ১৭ চৈত্র ১৪৩১ | ১ দিন |
| ৫. | মে দিবস | বৃহস্পতিবার, ০১ মে ২০২৫ | ১৮ বৈশাখ ১৪৩২ | ১ দিন |
| ৬. | *বুদ্ধ পূর্ণিমা (বৈশাখী পূর্ণিমা) | রবিবার, ১১ মে ২০২৫ | ২৮ বৈশাখ ১৪৩২ | ১ দিন |
| ৭. | *ঈদ-উল-আজহা | শনিবার, ০৭ জুন ২০২৫ | ২৪ জ্যৈষ্ঠ ১৪৩২ | ১ দিন |
| ৮. | জন্মাষ্টমী | শনিবার, ১৬ আগস্ট ২০২৫ | ০১ ভাদ্র ১৪৩২ | ১ দিন |
| ৯. | *ঈদ-ই-মিলাদুন্নবী (সা.) | শুক্রবার, ০৫ সেপ্টেম্বর ২০২৫ | ২১ ভাদ্র ১৪৩২ | ১ দিন |

| ক্রমিক নং | পর্বের নাম | সপ্তাহের দিনের নাম ও তারিখ | বঙ্গাব্দের তারিখ | ছুটির পরিমাণ |
|---|---|---|---|---|
| ১০. | দুর্গাপূজা (বিজয়া দশমী) | বৃহস্পতিবার, ০২ অক্টোবর ২০২৫ | ১৭ আশ্বিন ১৪৩২ | ১ দিন |
| ১১. | বিজয় দিবস | মঙ্গলবার, ১৬ ডিসেম্বর ২০২৫ | ০১ পৌষ ১৪৩২ | ১ দিন |
| ১২. | যিশু খ্রিষ্টের জন্মদিন (বড়দিন) | বৃহস্পতিবার, ২৫ ডিসেম্বর ২০২৫ | ১০ পৌষ ১৪৩২ | ১ দিন |

*** চাঁদ দেখার উপর নির্ভরশীল। (৫টি সাপ্তাহিক ছুটির দিনসহ) মোট = ১২ দিন**

**(খ) নির্বাহী আদেশে সরকারি ছুটি**

| ক্রমিক নং | পর্বের নাম | সপ্তাহের দিনের নাম ও তারিখ | বঙ্গাব্দের তারিখ | ছুটির পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | *শব-ই-বরাত | শনিবার, ১৫ ফেব্রুয়ারি ২০২৫ | ০২ ফাল্গুন ১৪৩১ | ১ দিন |
| ২. | *শব-ই-কদর | শুক্রবার, ২৮ মার্চ ২০২৫ | ১৪ চৈত্র ১৪৩১ | ১ দিন |
| ৩. | *ঈদ-উল-ফিতর (ঈদের পূর্বের ০২ দিন ও পরের ০২ দিন) | শনিবার, ২৯ মার্চ ও রবিবার, ৩০ মার্চ ২০২৫ এবং মঙ্গলবার, ০১ এপ্রিল ও বুধবার, ০২ এপ্রিল ২০২৫ | ১৫, ১৬ চৈত্র ১৪৩১ ও ১৮, ১৯ চৈত্র ১৪৩১ | ৪ দিন |
| ৪. | নববর্ষ | সোমবার, ১৪ এপ্রিল ২০২৫ | ০১ বৈশাখ ১৪৩২ | ১ দিন |
| ৫. | *ঈদ-উল-আজহা (ঈদের পূর্বের ০২ দিন ও পরের ০৩ দিন) | বৃহস্পতিবার, ০৫ জুন ও শুক্রবার, ০৬ জুন ২০২৫ এবং রবিবার, ০৮ জুন, সোমবার, ০৯ জুন ও মঙ্গলবার, ১০ জুন ২০২৫ | ২২, ২৩ জ্যৈষ্ঠ ১৪৩২ ও ২৫, ২৬, ২৭ জ্যৈষ্ঠ ১৪৩২ | ৫ দিন |
| ৬. | *আশুরা | রবিবার, ০৬ জুলাই ২০২৫ | ২২ আষাঢ় ১৪৩২ | ১ দিন |
| ৭. | দুর্গাপূজা (নবমী) | বুধবার, ০১ অক্টোবর ২০২৫ | ১৬ আশ্বিন ১৪৩২ | ১ দিন |

*** চাঁদ দেখার উপর নির্ভরশীল। (৪টি সাপ্তাহিক ছুটির দিনসহ) মোট = ১৪ দিন**

**(গ) ঐচ্ছিক ছুটি (মুসলিম পর্ব)**

| ক্রমিক নং | পর্বের নাম | সপ্তাহের দিনের নাম ও তারিখ | বঙ্গাব্দের তারিখ | ছুটির পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | *শব-ই-মিরাজ | মঙ্গলবার, ২৮ জানুয়ারি ২০২৫ | ১৪ মাঘ ১৪৩১ | ১ দিন |
| ২. | * ঈদ-উল-ফিতর (ঈদের পরের তৃতীয় দিন) | বৃহস্পতিবার, ০৩ এপ্রিল ২০২৫ | ২০ চৈত্র ১৪৩১ | ১ দিন |
| ৩. | *ঈদ-উল-আজহা (ঈদের পরের চতুর্থ দিন) | বুধবার, ১১ জুন ২০২৫ | ২৮ জ্যৈষ্ঠ ১৪৩২ | ১ দিন |
| ৪. | *আখেরি চাহার সোম্বা | বুধবার, ২০ আগস্ট ২০২৫ | ০৫ ভাদ্র ১৪৩২ | ১ দিন |
| ৫. | *ফাতেহা-ই-ইয়াজদাহম | শনিবার, ০৪ অক্টোবর ২০২৫ | ১৯ আশ্বিন ১৪৩২ | ১ দিন |

*** চাঁদ দেখার উপর নির্ভরশীল। (১টি সাপ্তাহিক ছুটির দিনসহ) মোট = ০৫ দিন**

| (ঘ) ঐচ্ছিক ছুটি (হিন্দু পর্ব) | | | | |
|---|---|---|---|---|
| ক্রমিক নং | পর্বের নাম | সপ্তাহের দিনের নাম ও তারিখ | বঙ্গাব্দের তারিখ | ছুটির পরিমাণ |
| ১. | শ্রী শ্রী সরস্বতী পূজা | সোমবার, ০৩ ফেব্রুয়ারি ২০২৫ | ২০ মাঘ ১৪৩১ | ১ দিন |
| ২. | শ্রী শ্রী শিবরাত্রি ব্রত | বুধবার, ২৬ ফেব্রুয়ারি ২০২৫ | ১৩ ফাল্গুন ১৪৩১ | ১ দিন |
| ৩. | দোলযাত্রা | শুক্রবার, ১৪ মার্চ ২০২৫ | ২৯ ফাল্গুন ১৪৩১ | ১ দিন |
| ৪. | শ্রী শ্রী হরিচাঁদ ঠাকুরের আবির্ভাব | বৃহস্পতিবার, ২৭ মার্চ ২০২৫ | ১৩ চৈত্র ১৪৩১ | ১ দিন |
| ৫. | মহালয়া | রবিবার, ২১ সেপ্টেম্বর ২০২৫ | ০৬ আশ্বিন ১৪৩২ | ১ দিন |
| ৬. | শ্রী শ্রী দুর্গাপূজা (সপ্তমী ও অষ্টমী) | সোমবার, ২৯ সেপ্টেম্বর ও মঙ্গলবার, ৩০ সেপ্টেম্বর ২০২৫ | ১৪ আশ্বিন ১৪৩২ ও ১৫ আশ্বিন ১৪৩২ | ২ দিন |
| ৭. | শ্রী শ্রী লক্ষ্মী পূজা | সোমবার, ০৬ অক্টোবর ২০২৫ | ২১ আশ্বিন ১৪৩২ | ১ দিন |
| ৮. | শ্রী শ্রী শ্যামা পূজা | সোমবার, ২০ অক্টোবর ২০২৫ | ০৪ কার্তিক ১৪৩২ | ১ দিন |

**(১টি সাপ্তাহিক ছুটির দিনসহ) মোট = ০৯ দিন**

| (ঙ) ঐচ্ছিক ছুটি (খ্রিষ্টান পর্ব) | | | | |
|---|---|---|---|---|
| ক্রমিক নং | পর্বের নাম | সপ্তাহের দিনের নাম ও তারিখ | বঙ্গাব্দের তারিখ | ছুটির পরিমাণ |
| ১. | ইংরেজি নববর্ষ | বুধবার, ০১ জানুয়ারি ২০২৫ | ১৭ পৌষ ১৪৩১ | ১ দিন |
| ২. | ভস্ম বুধবার | বুধবার, ০৫ মার্চ ২০২৫ | ২০ ফাল্গুন ১৪৩১ | ১ দিন |
| ৩. | পুণ্য বৃহস্পতিবার | বৃহস্পতিবার, ১৭ এপ্রিল ২০২৫ | ০৪ বৈশাখ ১৪৩২ | ১ দিন |
| ৪. | পুণ্য শুক্রবার | শুক্রবার, ১৮ এপ্রিল ২০২৫ | ০৫ বৈশাখ ১৪৩২ | ১ দিন |
| ৫. | পুণ্য শনিবার | শনিবার, ১৯ এপ্রিল ২০২৫ | ০৬ বৈশাখ ১৪৩২ | ১ দিন |
| ৬. | ইস্টার সানডে | রবিবার, ২০ এপ্রিল ২০২৫ | ০৭ বৈশাখ ১৪৩২ | ১ দিন |
| ৭. | যিশু খ্রিষ্টের জন্মোৎসব (বড়দিনের পূর্বের ও পরের দিন) | বুধবার, ২৪ ডিসেম্বর ২০২৫ ও শুক্রবার, ২৬ ডিসেম্বর ২০২৫ | ০৯ পৌষ ১৪৩২ ও ১১ পৌষ ১৪৩২ | ২ দিন |

**(৩টি সাপ্তাহিক ছুটির দিনসহ) মোট = ০৮ দিন**

| (চ) ঐচ্ছিক ছুটি (বৌদ্ধ পর্ব) | | | | |
|---|---|---|---|---|
| ক্রমিক নং | পর্বের নাম | সপ্তাহের দিনের নাম ও তারিখ | বঙ্গাব্দের তারিখ | ছুটির পরিমাণ |
| ১. | *মাঘী পূর্ণিমা | মঙ্গলবার, ১১ ফেব্রুয়ারি ২০২৫ | ২৮ মাঘ ১৪৩১ | ১ দিন |
| ২. | চৈত্র সংক্রান্তি | রবিবার, ১৩ এপ্রিল ২০২৫ | ৩০ চৈত্র ১৪৩১ | ১ দিন |
| ৩. | বুদ্ধ পূর্ণিমা (পূর্বের ও পরের দিন) | শনিবার, ১০ মে ২০২৫ ও সোমবার, ১২ মে ২০২৫ | ২৭ বৈশাখ ১৪৩২ ও ২৯ বৈশাখ ১৪৩২ | ২ দিন |
| ৪. | *আষাঢ়ী পূর্ণিমা | বুধবার, ০৯ জুলাই ২০২৫ | ২৫ আষাঢ় ১৪৩২ | ১ দিন |
| ৫. | *মধু পূর্ণিমা (ভাদ্র পূর্ণিমা) | শনিবার, ০৬ সেপ্টেম্বর ২০২৫ | ২২ ভাদ্র ১৪৩২ | ১ দিন |
| ৬. | *প্রবারণা পূর্ণিমা (আশ্বিনী পূর্ণিমা) | রবিবার, ০৫ অক্টোবর ২০২৫ | ২০ আশ্বিন ১৪৩২ | ১ দিন |

*** চাঁদ দেখা বা চান্দ্রতিথির উপর নির্ভরশীল। (২টি সাপ্তাহিক ছুটির দিনসহ) মোট = ০৭ দিন**

**(ছ) ঐচ্ছিক ছুটি (পার্বত্য চট্টগ্রাম এলাকা ও এর বাইরে কর্মরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অন্তর্ভুক্ত কর্মচারীদের জন্য)**

| ক্রমিক নং | পর্বের নাম | সপ্তাহের দিনের নাম ও তারিখ | বঙ্গাব্দের তারিখ | ছুটির পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | বৈসাবি ও পার্বত্য চট্টগ্রামের অন্যান্য ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অনুরূপ সামাজিক উৎসব | শনিবার, ১২ এপ্রিল ২০২৫ ও মঙ্গলবার, ১৫ এপ্রিল ২০২৫ | ২৯ চৈত্র ১৪৩১ ও ০২ বৈশাখ ১৪৩২ | ২ দিন |

**(১টি সাপ্তাহিক ছুটির দিনসহ) মোট = ০২ দিন**

২। একজন কর্মচারীকে তার নিজ ধর্ম অনুযায়ী বছরে অনধিক মোট ০৩ (তিন) দিনের ঐচ্ছিক ছুটি ভোগ করার অনুমতি প্রদান করা যেতে পারে এবং প্রত্যেক কর্মচারীকে বছরের শুরুতে নিজ ধর্ম অনুযায়ী নির্ধারিত ০৩ (তিন) দিনের ঐচ্ছিক ছুটি ভোগ করার জন্য উপযুক্ত কর্তৃপক্ষের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে। সাধারণ ছুটি, নির্বাহী আদেশে সরকারি ছুটি ও সাপ্তাহিক ছুটির সাথে যুক্ত করে ঐচ্ছিক ছুটি ভোগ করার অনুমতি দেয়া যেতে পারে।

৩। যে সকল অফিসের সময়সূচি ও ছুটি তাদের নিজস্ব আইন-কানুন দ্বারা নিয়ন্ত্রিত হয়ে থাকে অথবা যে সকল অফিস, সংস্থা ও প্রতিষ্ঠানের চাকরি সরকার কর্তৃক অত্যাবশ্যক হিসেবে ঘোষণা করা হয়েছে সেক্ষেত্রে সংশ্লিষ্ট অফিস, সংস্থা ও প্রতিষ্ঠান নিজস্ব আইন-কানুন অনুযায়ী জনস্বার্থ বিবেচনা করে এ ছুটি ঘোষণা করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সোনিয়া হাসান**
উপসচিব।

মোঃ তাজিম-উর-রহমান (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpress. gov. bd